



## ইরানি হামলায় ইসরায়েলে নিহত ১৩, আহত প্রায় দুই হাজার



ছবি: সংগৃহীত

মধ্যপ্রাচ্যে টানা সংঘাতের মধ্যে ইসরায়েলে চালানো ইরানের হামলায় অন্তত ১৩ জন নিহত এবং প্রায় দুই হাজার মানুষ আহত হয়েছেন।

ইসরায়েলি স্বাস্থ্য মন্ত্রণালয় এক বিবৃতিতে জানিয়েছে, এখন পর্যন্ত মোট ১ হাজার ৯২৯ জন আহতের তথ্য নিশ্চিত করা হয়েছে।

মন্ত্রণালয়ের হালনাগাদ তথ্যে বলা হয়, গত ২৪ ঘণ্টায় নতুন করে আরও ১৫৭ জন আহত হয়েছেন। বর্তমানে প্রায় ১১২ জন হাসপাতালে চিকিৎসাধীন, যাদের মধ্যে নয়জনের অবস্থা গুরুতর।

সাধারণ নাগরিকদের সতর্কভাবে বোম্ব শেল্টারে যাওয়ার আহ্বান জানিয়েছে কর্তৃপক্ষ। তাড়াহুড়া ও দৌড়াদৌড়ির সময় অনেকেই আহত হচ্ছেন বলেও উল্লেখ করা হয়েছে।

অন্যদিকে, ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনী তাদের টেলিগ্রাম বার্তায় জানিয়েছে, ইরান থেকে ক্ষেপণাস্ত্র নিক্ষেপ অব্যাহত রয়েছে। হামলা ঠেকাতে প্রতিরক্ষা ব্যবস্থা সক্রিয়ভাবে কাজ করছে বলেও জানানো হয়।

সূত্র: আনাদলু এজেন্সি